


ত্রৈমাসিক

# রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

www.rajukdhaka.gov.bd

www.facebook.com/rajukdhaka/

ভলিউম-১১, সংখ্যা-১, জুলাই-সেপ্টেম্বর, ২০১৮, বাংলা ১৪২৫



**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)**

রাজউক ভবন, ঢাকা-১০০০

ফোন : +৮৮-০২-৯৫৬৪৫৭৭

www.rajukdhaka.gov.bd



### উপদেষ্টা পরিষদ

**প্রধান উপদেষ্টাঃ**

**মোঃ আব্দুর রহমান**
চেয়ারম্যান, রাজউক

**উপদেষ্টাবৃন্দঃ**

মোঃ আমজাদ হোসেন খান, *সদস্য (এস্টেট ও ভূমি), রাজউক*
মোঃ রোকন উদ-দৌলা, *সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক*
মোঃ সাঈদ নূর আলম, *সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ), রাজউক*
আবুল কালাম আজাদ, *সদস্য (পরিকল্পনা)*
মেজর (ইঞ্জিঃ) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অবঃ)
*সদস্য (উন্নয়ন) , রাজউক*

**সম্পাদক**

মোহাম্মদ মুজাফ্ফর উদ্দিন,
*তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজউক*

**সহকারী সম্পাদক**

মোঃ আশরাফুল ইসলাম,
*নগর পরিকল্পনাবিদ, রাজউক*
মাহফুজা আক্তার, *উপ নগর পরিকল্পনাবিদ, রাজউক*
শারমিন আক্তার ফারজানা, *সহকারী স্থপতি, রাজউক*
মোঃ আতিকুর রহমান, *সহকারী পরিচালক*
*(জনসংযোগ ও প্রটোকল), রাজউক*


### অন্য পাতায়


| | | | |
|---|---|---|---|
| নগর পরিকল্পনা | ০৪ | উন্নয়ন | ০৭ |
| প্রশাসন | ০৪ | নিরীক্ষা ও বাজেট | ০৮ |
| উন্নয়ন নিয়ন্ত্রণ | ০৬ | বিবিধ | ০৮ |


## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী পালিত

১৫ আগষ্ট বুধবার দিনব্যাপী রাজউক-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।




*শোক দিবসের আলোচনা সভায় মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মোহাম্মদ নাসিম এম.পি*

আলোচনা অনুষ্ঠান শুরু হবার পূর্বে ১৯৭৫ সালের ১৫ আগস্টে নিহত ১৭ জন শহীদদেরকে স্মরণ করে ১৭টি মোমবাতি জ্বালিয়ে বঙ্গবন্ধুকে নিয়ে আঁকা চিত্র প্রদর্শনী উদ্বোধন করেন মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এম.পি।



*শোক দিবসের সমাপনী অনুষ্ঠানে মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী*

# সম্পাদকীয়

আমাকে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের 'ত্রৈমাসিক রাজউক বার্তা'র সম্পাদকের দায়িত্ব প্রদান করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই। একজন কারিগরি পেশাজীবীর কর্মজীবনে রাজউক বার্তার সম্পাদনা আরেকটি মাত্রার অবতারণা হলো। নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ব্রত নিয়ে সামনে এগিয়ে যাবো, ইনশাল্লাহ। ভুল-ত্রুটি মার্জনীয় ও দোয়া প্রার্থী।

জনাব মোঃ আশরাফ আলী আখন্দ, নগর পরিকল্পনাবিদ (অবসরপ্রাপ্ত), রাজউক দীর্ঘদিন যাবৎ অত্যন্ত নিষ্ঠারসাথে রাজউক বার্তা প্রকাশ ও সম্পাদনার দায়িত্ব পালন করেছেন। তথ্য ও সংবাদ সংগ্রহে তিনি নিরলস পরিশ্রমের মাধ্যমে সফলতার সাথে রাজউক বার্তাকে একটি মানদন্ডে স্থান করে দিয়েছেন। রাজউক এর সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারী তাঁর অবদানকে স্মরণ রাখবে।

সম্পাদকের দায়িত্ব গ্রহণের পর এটি আমার প্রথম প্রকাশনা। এই সংখ্যায় মূলত পূর্বের ধারাবাহিকতা অনুসরণ করা হয়েছে। জুলাই/২০১৮ হতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত অত্র সংস্থার আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজের অগ্রগতি, জাতীয় শোক দিবস উদযাপন, প্রশিক্ষণ, অবৈধ স্থাপনা অপসারণ নব নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের পরিচিতিমূলক অনুষ্ঠান, সেমিনার, কর্মশালা আয়োজন ইত্যাদির সংবাদ স্থান পেয়েছে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে প্রতি বছরের ন্যায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, দোয়া মাহফিল, কাঙালি ভোজ এবং বঙ্গবন্ধুর আদর্শ ও কর্মজীবনের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কিন্তু রাজউক এবার নতুন আঙ্গিকে বঙ্গবন্ধুর উপর চিত্র প্রদর্শনীর আয়োজন করে। আগষ্ট মাস ব্যাপি এই প্রদর্শনী উন্মুক্ত ছিল। স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোহাম্মদ নাসিম, এম.পি. মোমবাতি জ্বালিয়ে উক্ত চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। শোক ও শক্তির এ আলো প্রজ্বলিত থাক আমাদের জাতীয় জীবনে ।

## বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদত বার্ষিকীতে রাজউকে আলোচনা সভা, দোয়া মাহফিল ও চিত্র প্রদর্শণী অনুষ্ঠিত



*শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাজউকের শ্রদ্ধাঞ্জলি*

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে রাজউক কর্তৃক আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট রাজউকে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। রাজউকের চেয়ারম্যান মোঃ আব্দুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানের মুখ্য আলোচক ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোহাম্মদ নাসিম, এম.পি।



*আলোচনা সভায় চেয়ারম্যান, রাজউক*

আলোচনার শুরুতে ১৫ আগস্টে নিহত শহীদদেরকে স্মরণ করে এক মিনিট নীরবতা পালন করা হয়। রাজউকের সদস্য পর্ষদসহ সকল স্তরের কর্মকর্তা- কর্মচারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে রাজউক কর্তৃক আয়োজিত অনুষ্ঠানমালা



চিত্র প্রদর্শণীর উদ্বোধন



শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন




শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল



কাঙালি ভোজ উপলক্ষে খাবার বিতরণ



জাতীয় শোক দিবসের প্রস্তুতি সভা




রাজউক ভবনের বহিঃসজ্জা

# নগর পরিকল্পনা

## ড্যাপ এর অংশগ্রহণমূলক দ্রুত মুল্যায়ন (PRA) সভার কার্যক্রম:

রাজউক কর্তৃক বাস্তবায়নাধীন ডিটেইল্ড এরিয়া প্ল্যান (২০১৬-২০৩৫) অংশগ্রহণমূলক ও বাস্তবসম্মত করার লক্ষ্যে মেট্রোপলিটন এলাকার উন্নয়ন ও পরিকল্পনার সাথে সম্পৃক্ত বিভিন্ন সরকারী সংস্থা, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, বিভিন্ন বেসরকারি সংস্থা, পেশাজীবী সংগঠন, ব্যবসায়ী সংগঠন, পরিবেশবাদী সংগঠন, নাগরিক সমাজ ও ব্যক্তি বিশেষসহ সকলের সহযোগিতা এবং পরামর্শ অত্যন্ত গুরুত্বপূর্ণ।



*বিভিন্ন পেশাজীবী সংগঠনের সাথে অংশগ্রহণমূলক দ্রুত মুল্যায়ন সভা*

জনগনের আশা, আকাঙ্খা, ও অগ্রাধিকার, স্থানীয় উন্নয়নমূলক প্রয়োজনীয়তা ও সমস্যা চিহ্নিতকরণ ও তাদের সম্ভাব্য সমাধান উপায় চিহ্নিত করনের লক্ষ্যে বিভিন্ন সরকারী সংস্থা, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, বিভিন্ন বেসরকারি সংস্থা, পেশাজীবী সংগঠন, ব্যবসায়ী সংগঠন, পরিবেশবাদী সংগঠন, নাগরিক সমাজ ও ব্যক্তি বিশেষ পর্যায়ে ৮৩০টির মত অংশগ্রহণমূলক দ্রুত মুল্যায়ন (PRA) সভার কার্যক্রম সম্পন্ন হয়েছে।




*এলাকা ভিত্তিক মতবিনিময় সভা*

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (২০১৬-২০৩৫) প্রকল্পটি প্রস্তাব বাস্তবায়নে বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থার মানচিত্র অংশগ্রহণমূলক দ্রুত মুল্যায়ন (PRA) সভায় সংশ্লিষ্ট অংশ গ্রহণকারীদের মাঝে প্রদর্শন করা হয়েছে। PRA কার্যক্রমের ধারাবাহিকতা সম্পন্ন করে, অংশগ্রহণমূলক দ্রুত মুল্যায়ন সভার (PRA) কার্যক্রম থেকে প্রায় এক হাজার (১০০০) এর মতামত পাওয়া গেছে। প্রাপ্ত মতামত যাচাই বাছাই করে পরামর্শক প্রতিষ্ঠান ড্রাফট ফাইনাল রিপোর্ট প্রকল্প দপ্তরে জমা দিয়েছে।

## ড্যাপ (২০১৬-২০৩৫) প্রণয়নে 'ডেনসিটি জোনিং' এর উপর সেমিনার অনুষ্ঠিত

৮ আগস্ট, ২০১৮ তারিখ বাংলামোটরে প্ল্যানার্স টাওয়ারে বিআইপি এর কনফারেন্স হলে ডিটেইল্ড এরিয়া প্ল্যান-ড্যাপ (২০১৬-২০৩৫) প্রণয়নের ক্ষেত্রে রাজউকের আওতাধীন এলাকার জনসংখ্যার 'ডেনসিটি জোনিং' শীর্ষক এক সেমিনার যৌথভাবে আয়োজন করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও বাংলাদেশ ইন্সটিটিউট অব প্ল্যানার্স।




*'ডেনসিটি জোনিং' শীর্ষক ড্যাপ এর সেমিনার*

# প্রশাসন

## পদায়ন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সুষ্ঠু কাজের স্বার্থে নির্বাহী প্রকৌশলী জনাব হাসান মাহমুদকে উত্তরা (৩য়) পর্ব প্রকল্পে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে পদায়ন করা হয়েছে।

রাজউকের জোনে নিয়োজিত উপ-নগর পরিকল্পনাবিদগণের দায়িত্ব পুনঃবন্টণ করা হয়েছে। ৩০ আগষ্ট ২০১৮ তারিখের জারীকৃত অফিস আদেশ অনুযায়ী জনাব মো: কামরুল হাসান সোহাগ কে জোন-১ ও জোন-২ (অতিরিক্ত) এর দায়িত্ব, জনাব মো: হাসিবুল কবীর কে জোন-৩ ও জোন-৪ (অতিরিক্ত) এর দায়িত্ব, জনাব শাহ নেওয়াজ হক কে জোন-৫ ও জোন-৬ (অতিরিক্ত) এর দায়িত্ব এবং জনাব নুর-ই খোদাকে জোন-৭ ও জোন-৮ (অতিরিক্ত) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

## বদলী

রাজউকে প্রেষণে নিয়োজিত পরিচালক (এস্টেট ও ভূমি-১) জনাব মোঃ আনিছুর রহমান মিঞা, যুগ্মসচিবকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ আগষ্ট ২০১৮ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব হিসেবে বদলীপূর্বক নিয়োগ প্রদান করা হয়েছে।

রাজউকে প্রেষণে নিয়োজিত পরিচালক (প্রশাসন) জনাব মোঃ সামসুল আরেফিন, যুগ্মসচিব কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ জানুয়ারী ২০১৮ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী মন্ত্রীপরিষদ বিভাগের যুগ্মসচিব হিসেবে বদলীপূর্বক নিয়োগ প্রদান করা হয়েছে।

রাজউকে প্রেষণে নিয়োজিত পরিচালক (প্রশাসন) ড. মুহাম্মদ মোশাররফ হোসেন, যুগ্মসচিব কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে অতিরিক্ত কমিশনার, বরিশাল বিভাগ হিসেবে বদলীপূর্বক নিয়োগ প্রদান করা হয়েছে।

## নিয়োগ

### রাজউকে নব নিয়োগপ্রাপ্ত ১০৫ জন কর্মচারীর পরিচিতিমূলক অনুষ্ঠান

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-এর ০১/২০১৬ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ০৭ টি ক্যাটাগরীতে অর্থাৎ সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক), প্রধান ইমারত পরিদর্শক, ইমারত পরিদর্শক ও সার্ভেয়ার পদে ১১২ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পরিচিতিমূলক একটি সভা ০৩ জুলাই ২০১৮ তারিখে রাজউক অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চেয়ারম্যান, রাজউক। এছাড়া সদস্য পর্ষদ এবং রাজউকের উচ্চ পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত ০৩ জুলাই ২০১৮ তারিখে সহকারী প্রকৌশলী (সিভিল), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), প্রধান ইমারত পরিদর্শক, ইমারত পরিদর্শক ও সার্ভেয়ার পদে ১০৫ জন কর্মচারী একত্রে নতুন কর্মস্থলে যোগদান করেন।

## প্রশিক্ষণ

### রাজউকে "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক ০৫ (পাঁচ) দিন ব্যাপী কর্মশালা আয়োজিত

রাজউক এর ইনোভেশন টিমের উদ্যোগে এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i এর সহায়তায় ২৪ জুলাই থেকে ২৮ জুলাই ২০১৮ পর্যন্ত এক কর্মশালার আয়োজন করা হয়।



*"উদ্ভাবন" বিষয়ক কর্মশালায় রাজউক এর কর্মকর্তাবৃন্দ*

### অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচের ৩০ জন ৯ম গ্রেডের কর্মকর্তার প্রশিক্ষণ প্রদান

সেবার মান উন্নয়নের লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ দক্ষ জনবল গড়ার প্রত্যয় নিয়ে সকল শ্রেণীর কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ পরিচালনা করছে। তারই ধারবাহিকতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচে নবম গ্রেডের বিভিন্ন শাখার ৩০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে।



*সনদ বিতরণ অনুষ্ঠান*

## নোটিশ

**"রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় যারা বিভিন্ন ক্যাটেগরির প্লট/ফ্ল্যাট প্রাপ্তির জন্য আবেদন করে প্লট/ফ্ল্যাট বরাদ্দ পান নাই, তাদেরকে জামানতের টাকা ফেরত নেয়ার জন্য সংশ্লিষ্ট শাখায় আবেদনপত্র দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।"**

# উন্নয়ন নিয়ন্ত্রণ

## ভবনের কার-পার্কিংয়ে নকশা বহির্ভূত স্থাপনা অপসারণে উত্তরায় রাজউক এর অভিযান

রাজউকের নির্বাহী ম্যাজিস্ট্রেট জেসমিন আক্তার এর নেতৃত্বে গঠিত টাস্কফোর্স ১০ সেপ্টেম্বর ঢাকা-ময়মনসিংহ রোডের পশ্চিম পাশে ০১ নং সেক্টরের উচ্ছেদ অভিযান পরিচালনা করে। অভিযানে ০৮টি প্লটের কার-পার্কিং ও বেজমেন্টের জায়গা থেকে ০২টি রেস্টুরেন্ট, ০৭টি দোকান, ০২টি গোডাউন, ০২টি অভ্যর্থণা কক্ষ ও একটি অফিস অপসারণ করে পার্কিং ও বেজমেন্টের জায়গা খালি করে দেওয়া হয়।

উচ্ছেদ কার্যক্রমে রাজউক এর জোন-২ (উত্তরা, টঙ্গী, গাজীপুর) এর পরিচালক আনন্দ কুমার বিশ্বাস, সহকারী অথরাইজড অফিসার মোঃ খায়রুজ্জামান ও আতাউর রহমান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ অন্যান্য সেবাদানকারী সংস্থা সহায়তা প্রদান করে।



*উত্তরায় রাজউকের উচ্ছেদ অভিযান*

## ভবনে নকশা বহির্ভূত ও বাণিজ্যিক ব্যবহারের কারণে মিরপুরে রাজউকের অভিযানে ৫০ লক্ষ টাকা জরিমানা

রাজউক এর জোন-৩ এর আওতাধীন মিরপুর এর রোকেয়া সরণী ও কাজীপাড়া এলাকায় যে সকল প্লট, ভবন, ফ্ল্যাট ইত্যাদিতে অননুমোদিত/অবৈধ ভাবে গেস্ট হাউজ, রেস্টুরেন্ট, হোটেল, বারসহ বিভিন্ন বাণিজ্যিক কার্যক্রম পরিচালিত হচ্ছে সে সকল অননুমোদিত স্থাপনা/ব্যবহার বন্ধকরণে ১২ সেপ্টেম্বর উচ্ছেদ কার্যক্রম পরিচালিত হয়। মোট ২৬টি হোল্ডিংয়ে পরিচালিত অভিযানে ১৯টি হোল্ডিংয়ের ভবন মালিক ও ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ৫০ লক্ষ টাকা জরিমানা করা হয়।

রাজউকের নির্বাহী ম্যাজিস্ট্রেট জেসমিন আক্তার এবং অঞ্চল-৩ এর অথরাইজড অফিসার মোঃ মোবারক হোসেন এর নেতৃত্বে গঠিত টাস্কফোর্স বুধবার মিরপুর এলাকায় এ উচ্ছেদ অভিযান পরিচালনা করে। অভিযানে রাজউকের সহকারী অথরাইজড অফিসার রঙ্গন মন্ডল ও মোঃ ইলিয়াস মিয়া সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন এবং আইন-শৃঙ্খলা রক্ষকারী বাহিনীসহ অন্যান্য সেবাদানকারী সংস্থা সহায়তা প্রদান করে।



*মিরপুরে রাজউকের উচ্ছেদ অভিযান*

## অননুমোদিত ও নকশা বহির্ভূত স্থাপনা উচ্ছেদে ওয়ারী ও স্বামীবাগে পুনরায় রাজউক এর অভিযান, তিন প্রতিষ্ঠানকে ৩ লক্ষ টাকা জরিমানা

স্বামীবাগের মনির হোসেন লেন নির্মাণরত ১০ তলা একটি ভবনের চারদিকে নির্দিষ্ট আবশ্যিক উন্মুক্ত জায়গা (সেটব্যাক) না রেখে ভবন বর্ধিত করে নির্মাণের কারণে মালিককে ২ লক্ষ টাকা জরিমানা করা হয়। অন্য একটি ভবনের কার পার্কিংয়ের স্থলে ইট, বালু, সিমেন্টের ব্যবসা পরিচালনার জন্য ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

আবাসিক ভবনের কার পার্কিংয়ের স্থলে বাণিজ্যিক ব্যবহারের কারণে ওয়ারীর র‍্যাংকিন স্ট্রীট এর 'ওয়েল ফুড' কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয় । একই রোডের 'বাটা'র একটি শো-রুম এর মালামাল সরিয়ে বন্ধ করে দেওয়া হয়।



*ওয়ারীতে রাজউকের উচ্ছেদ অভিযান*

নির্বাহী ম্যাজিস্ট্রেট জেসমিন আক্তার এবং অথরাইজড অফিসার জনাব মোহম্মদ নুর আলম এ অভিযান পরিচালনা করেন। সহকারী অথরাইজড অফিসার এফ আর আশিক আহমেদ, প্রধান ইমারত পরিদর্শক নিপেন চন্দ্র সিদ্ধা সহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## রাজউকের জোন-৪ এর আওতধীন এলাকায় উচ্ছেদ অভিযানে ভবন মালিককে ৫ লক্ষ টাকা জরিমানা

অননুমোদিত ও নকশা বহির্ভূত স্থাপনা উচ্ছেদের অংশ হিসেবে রাজউক এর জোন-৪ (গুলশান,মহাখালী,পূর্বাচল) এর আওতাধীন এয়ারপোর্ট রোডের পূর্ব দিকে বনানী কবরস্থান থেকে বিজয় স্মরণী মোড় পর্যন্ত এলাকায় ১১ সেপ্টেম্বর পরিচালিত অভিযানে বিজয় স্মরণী মোড়ে একটি চার তলা একটি ভবনে নকশার ব্যতয় থাকায় ভবনের মালিককে ৫ লক্ষ টাকা জরিমানা করে রাজউকের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

ভবনটি ০৩ তলার অনুমোদন নিয়ে অতিরিক্ত একটি ফ্লোর বাড়িয়ে ০৪ তলা করা হয়। এছাড়া ভবনটির পার্কিয়ের জায়গায় একটি অবৈধ শো-রুম, ভবনের চারদিকে নির্ধারিত জায়গা না রেখে বর্ধিত করে নির্মাণ ও ভিআইপি রাস্তার দিকে নকশা বহির্ভূত একটি অতিরিক্ত প্রবেশ পথ তৈরি করা হয়। জরিমানার পাশাপাশি আগামী এক মাসের মধ্যে অতিরিক্ত ফ্লোর ও প্রবেশ পথসহ পার্কিয়ের জায়গায় অবৈধ শো-রুম এবং ভবনের চারদিকের বর্ধিত অংশ অপসারণের জন্য মালিকের অঙ্গীকারনামা নেওয়া হয়।

# উন্নয়ন

## মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক উত্তরা এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শন



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর আওতাধীন উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের 'এ' ব্লকের ৭৯টি ভবনের ৬৬৩৬টি ফ্ল্যাট নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। প্রকল্পের ভবন নির্মাণ কাজ, বৈদ্যুতিক কাজ, ফুটপাতসহ রাস্তা নির্মাণ কাজ, পানি সরবরাহ, এলপি গ্যাস সরবরাহসহ বিভিন্ন নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শনের জন্য ১৮ আগষ্ট ২০১৮ খ্রি. তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম.পি, রাজউকের চেয়ারম্যানসহ প্রকল্পের কর্মকর্তাদের নিয়ে উত্তরা এপার্টমেন্ট প্রকল্প এলাকা পরিদর্শন করেন। মাননীয় মন্ত্রী প্রকল্পের বাস্তবায়ন কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। আগামী অক্টোবর/২০১৮ এর শেষে বা নভেম্বর/২০১৮ এর প্রথম সপ্তাহে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অত্র প্রকল্পের 'এ' ব্লকের ভবনসমূহের শুভ উদ্বোধনের প্রস্তুতি নেয়ার জন্য নির্দেশনা দেন। এ পর্যন্ত প্রায় ৪০০টি ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হয়েছে। প্রতিদিনই দখল হস্তান্তর চলছে।

## হাতিরঝিল লেকে সৌর বিদ্যুৎ চালিত ইঞ্জিন নৌকা পরিচালনার জন্য টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর সাথে রাজউক এর এমওইউ স্বাক্ষর অনুষ্ঠিত



*স্রেডার সাথে রাজউকের এমওইউ স্বাক্ষর অনুষ্ঠিত*

দেশের সমুদ্র, নদী, খালগুলোকে ডিজেল ইঞ্জিন চালিত বোটের শব্দ দূষণ থেকে রোধ কল্পে এবং ডিজেলের ব্যবহার সাশ্রয় করার জন্য টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক উদ্ভাবিত সৌর বিদ্যুৎ চালিত নৌকা জনসাধারণের মাঝে জনপ্রিয় করার জন্য রাজধানীর প্রাণকেন্দ্র হাতিরঝিলের লেকে বাণিজ্যিকভাবে উক্ত নৌকা পরিচালনার জন্য ২৪ জুলাই ২০১৮ তারিখে এই এমওইউ স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

এমওইউ-তে রাজউক এর পক্ষে স্বাক্ষর করেন মেজর (ইঞ্জি:) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অব:), সদস্য (উন্নয়ন) এবং স্রেডার পক্ষে স্বাক্ষর করেন জনাব শালিমা জাহান, সদস্য (নবায়নযোগ্য জ্বালানি)। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মো: জামাল আক্তার ভুঁইয়া, প্রকল্প পরিচালক, হাতিরঝিল উন্নয়ন প্রকল্প, মেজর এ এস এম সাদিক শাহরিয়ার, প্রকল্প কর্মকর্তা, হাতিরঝিল উন্নয়ন প্রকল্প, জনাব মো: আল-আমিন, উপ-সহকারী প্রকৌশলী, হাতিরঝিল উন্নয়ন প্রকল্প প্রমুখ।

অবৈধ নির্মাণ থেকে বিরত থাকুন

## নিরীক্ষা ও বাজেট শাখা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা ও বাজেট শাখা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মূলত স্বচ্ছতা ও জবাবদিহীতার মানদন্ড হিসাবেই নিরীক্ষা ও বাজেট শাখা কাজ করে থাকে। ১৯৭৪ সাল থেকে অদ্যাবধি রাজউকে অডিট আপত্তির সংখ্যা ১৭৭৬টি। অডিট আপত্তিসমূহ হ্রাস ও শাখার কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে রাজউকের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে এ শাখায় কর্মরত সকলেই অত্যন্ত তৎপরতা ও নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে।

১৯৭৪-৭৫ সাল থেকে ২০১৬-২০১৭ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত মোট অডিট আপত্তির সংখ্যা ১৭৭৬টি যার মধ্যে মোট ৬২৫টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১১৫১টি আপত্তির কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ১১৫১টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে রয়েছে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সাধারণ আপত্তি ২৪৬ টি, অগ্রিম আপত্তি ৭৯২টি, খসড়া আপত্তি ১১৩টি। ত্রি-পক্ষীয় ও দ্বি-পক্ষীয় সভা এবং ব্রডশীট জবাবের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়ে থাকে। অডিট আপত্তি হ্রাসের লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা আহ্বানের জন্য পত্র মারফত পূর্ত অডিট অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে এবং ইতিপূর্বে কয়েকটি ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে বেশ কিছু অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। এ ছাড়া পরিচালক (নিরীক্ষা ও বাজেট) এর সভাপতিত্বে অডিট আপত্তি নিষ্পত্তি এবং অন্যান্য বিষয় সংক্রান্ত সভা প্রতি মাসে অত্র শাখায় অনুষ্ঠিত হয়। অডিট আপত্তি হ্রাস এবং প্রতিষ্ঠানের স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে অডিট ও বাজেট শাখা নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## এমআইএস শাখা

রাজউকের ই-নথি কার্যক্রম চালু করার লক্ষ্যে প্রশাসন শাখার তত্ত্বাবধানে গত ০১-০৬ আগষ্ট ২০১৮খ্রি. তারিখ এবং ০৫-১০ সেপ্টেম্বর ২০১৮খ্রি. তারিখ ০৪(চার) দিন করে দুই ব্যাচে মোট ৬০ জনকে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



*ই-নথি প্রশিক্ষনার্থীগণ*

## পূর্বাচল নতুন শহর প্রকল্পের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে

পূর্বাচল নতুন শহর প্রকল্পের সেক্টর ভিত্তিক সকল প্লটের তথ্য সংরক্ষণের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। উক্ত সফটওয়্যার এর মাধ্যমে পূর্বাচল প্লটের তথ্য এন্ট্রি ও ডাটাবেজের কার্যক্রম চলমান রয়েছে।

## বিবিধ

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-এর ১৯৮০ জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামো রিভিউ সংক্রান্ত কমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে পরিচালক (প্রশাসন) কে আহ্বায়ক এবং উপ-পরিচালক (প্রশাসন-২) কে আহ্বায়ক করে ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

## গুলশান লেক রক্ষণাবেক্ষণে রাজউক এর সাথে গুলশান সোসাইটির সমঝোতা স্মারক স্বাক্ষর

গুলশান-বনানী-বারিধারায় অবস্থিত লেকটি পরিষ্কার, পরিচ্ছন্ন ও রক্ষণাবেক্ষণের জন্য রাজউক এর সাথে গুলশান সোসাইটির সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজউকের সদস্য (উন্নয়ন) মেজর (ইঞ্জি:) সামসুদ্দীন আহমদ চৌধুরী (অব:) সহ সদস্য পর্ষদ, প্রধান প্রকৌশলী, পরিচালকবৃন্দ ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। গুলশান সোসাইটির পক্ষে সভাপতি সাবেক প্রধান নির্বাচন কমিশনার ড. এটিএম শামসুল হুদা, সাধারণ সম্পাদক ব্যারিস্টার ওমর সাদাত সহ গুলশান সোসাইটির গণ্য-মান্য ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি উপস্থিত ছিলেন।




*রাজউক এর সাথে গুলশান সোসাইটির সমঝোতা স্মারক অনুষ্ঠিত*

**অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন**

gppa/1118

প্রকাশক : মো: আশারফ আলী আখন্দ, উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত।
রাজউক বার্তা রেজিস্ট্রেশন নম্বর ঃ ডিএ/২০০০-২৫, ফোন ঃ (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৬৩৫৯১